

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স - ৪২১১

আগরতলা, ১৮ ফেব্রুয়ারি, ২০১৯

পশ্চিম জেলার বিভিন্ন রাস্তা মেরামত করা হচ্ছে

পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের কনফারেন্স হলে ১৬ ফেব্রুয়ারি পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের কর্ম বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন কর্ম বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি অজয় কুমার দাস। সভায় ন্যাশন্যাল হাইওয়ে অথরিটির প্রতিনিধি জানান, আমতলী থানার সামনে থেকে খয়েরপুর পর্যন্ত বাইপাস রাস্তাটি মেরামতের কাজ সম্পন্ন হয়েছে। জিরানীয়া থেকে চন্দ্রপুর ব্রীজ পর্যন্ত রাস্তা মেরামতের কাজ চলছে। তাছাড়া, চম্পকনগর থেকে সাধুপাড়া পর্যন্ত রাস্তাটি মেরামতের জন্য অর্থ মঞ্জুরী পাওয়া গেছে। সেন্ট্রাল রোড ফান্ড থেকে পশ্চিম জেলার অন্তর্গত জিরানীয়া মোটর স্ট্যান্ড থেকে বেলবাড়ি পর্যন্ত রাস্তা, খোয়াই চৌমুহনী থেকে সিমনা পর্যন্ত ভায়া ব্রহ্মকুন্ড মোট ১৯ কিলোমিটার, শাল বাগান থেকে খয়েরপুর পর্যন্ত ভায়া বণিক্য চৌমুহনী মোট ১০.৫ কিলোমিটার, ড্রপগেইট থেকে আমতলি বাইপাস পর্যন্ত মোট ৪.১ কিলোমিটার, চন্দনখলা থেকে উষাবাজার ভি আই পি রোড ৪.৯ কিলোমিটার, আগরতলা ড্রপগেইট থেকে বর্ডার রাস্তা ভায়া কেম্পের বাজার পর্যন্ত ৪ কিলোমিটার, আগরতলা অভয়নগর সেতু থেকে জি বি বাজার পর্যন্ত ৪.১ কিলোমিটার, আগরতলা ফায়ার ব্রিগেড চৌমুহনী থেকে পঞ্চবটী ভি আই পি রাস্তা ও আগরতলা এয়ারপোর্ট থেকে দুর্গাবাড়ি চা বাগান পর্যন্ত রাস্তা সংস্কারের জন্য অর্থ মঞ্জুরী হয়েছে। পূর্ত দপ্তরের জিরানীয়া ডিভিশনের প্রতিনিধি জানান, রাণীরবাজার মরাচৌমুহনী থেকে এন আই টি পর্যন্ত ৬.৫০ কিলোমিটার রাস্তা এবং মান্দাই চৌমুহনী থেকে কালি চৌমুহনী পর্যন্ত ৬.২০ কিলোমিটার, মান্দাই থেকে মাধবপাড়া ১২.০৫ কিলোমিটার রাস্তা দুই দিক থেকে প্রশস্ত ও মেটেলিং করা হয়েছে। তাছাড়া রাণীরবাজার ঘোড়ামারা ব্রীজের বক্স কালভার্ট ও বিক্রম মলসম পাড়া ভায়া বলরাম ঠাকুর পাড়ার রাস্তায় বক্স কালভার্ট নির্মাণের কাজ শুরু হয়েছে। দীনদয়াল উপাধ্যায় গ্রামীণ জ্যোতি যোজনার প্রতিনিধি সভায় জানান, সৌভাগ্য প্রকল্পে এইচ টি লাইন সম্প্রসারণের লক্ষ্যমাত্রা ছিল ৯৭ কিলোমিটার। এরমধ্যে ১৪.১ কিলোমিটার বিদ্যুতের লাইন সম্প্রসারণের কাজ শেষ হয়েছে। এল টি লাইন সম্প্রসারণের লক্ষ্যমাত্রা ছিল ২৩৭ কিলোমিটার। এরমধ্যে ৬৬.৭ কিলোমিটার লাইন সম্প্রসারণের কাজ সম্পন্ন হয়েছে। পি এম জি এস ওয়াই-এর প্রতিনিধি জানান, মোট ১৯টি রাস্তার ১১৪ কিলোমিটারের মধ্যে ১০৪ কিলোমিটার রাস্তার কাজ শেষ করা হয়েছে। সভায় পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সভাপতি দিলীপ কুমার দাস, সহকারী সভাপতি মনমোহিনী দেবনাথ সহ অন্যান্য সদস্য-সদস্যগণ উপস্থিত ছিলেন।
